



PUNJAB NATIONAL BANK SRAMIK UNION

Regd. No. 4199

(Affiliated To BANK EMPLOYEES FEDERATION, W.B.)

তারিখ - ০৩.১২.২০১৬

সকল কর্মচারীদের জন্য,

প্রিয় সাথী,

আগামী ১১ই ডিসেম্বর, ২০১৬, আমাদের প্রিয় সংগঠন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন নানা ঘাত প্রতিঘাত সম্বলিত সুদীর্ঘ পথ পেরিয়ে ৬০ বৎসরে পদার্পন করতে চলেছে। যথার্থ ট্রেড ইউনিয়ন সচেনতার স্বাক্ষর রেখে ৬০ বৎসর পূর্বে কতিপয় কর্মী নানা বিপত্তির মাঝেও এই ইউনিয়নের গোড়াপত্তন করেছিলেন। তৎকালীন ব্যাঙ্ক কর্তৃপক্ষের নানারকম বাধানিষেধ, জোরজুলুমের দাপটে ব্যাঙ্কের অভ্যন্তরে সভা করার অনুমতি পাওয়া যেত না। সভা করতে হতো ব্যাঙ্কের বাইরে। এই প্রক্রিয়ার মধ্যেই বিগত ১১ই ডিসেম্বর, ১৯৫৭ তারিখে এই ইউনিয়ন রেজিস্ট্রিভুক্ত হয়েছিল।

স্বাভাবিক কারণেই এই দিনটিকে স্মরণে রেখে আমরা আগামী ১১ই ডিসেম্বর, ২০১৬ আমাদের ক্যানিং স্ট্রীট শাখাতে বিকেল তিনটের সময় এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করেছি। এই অনুষ্ঠানের কর্মসূচী নিচে দেওয়া হলো --

- আমাদের সংগঠনের সদস্যদের দ্বারা প্রারম্ভিক সংগীত পরিবেশন।
- সংগঠনের প্রাক্তন অগ্রজ পদাধিকারী ও কনিষ্ঠতম সদস্যদ্বারা প্রদীপ প্রজ্জ্বলন।
- আমাদের সংগঠনের প্রাক্তন পদাধিকারীদের সংবর্ধনা প্রদান।
- হীরক জয়ন্তী বর্ষ উপলক্ষে সংগঠনের পক্ষ থেকে ২০১৭ সালের ক্যালেন্ডার প্রকাশ।
- সংগঠনের পক্ষ থেকে হীরক জয়ন্তী বর্ষের স্মারক প্রকাশ।
- হীরক জয়ন্তী বর্ষ উপলক্ষে সংগঠনের পক্ষ থেকে বক্তব্য রাখবেন বি.ই.এফ.আই এর সাধারণ সম্পাদক প্রদীপ বিশ্বাস।
- খ্যাতিমান সঙ্গীত শিল্পী শ্রীমতি পূর্ববী মুখার্জী দ্বারা সংগীত পরিবেশন।

আশাকরি প্রাক্তন ও নতুন কর্মীদের মেলবন্ধনে এই অনুষ্ঠান সর্বাঙ্গসুন্দর হয়ে উঠবে। দলমত নির্বিশেষে সবাইকে সবাক্রমে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য আমাদের সনির্বন্ধ আবেদন জানাচ্ছি।

সংগ্রামী অভিনন্দন সহ,

(শ্রীজিৎ সেনগুপ্ত)

সাধারণ সম্পাদক